



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ বাসা নং-৪২, খাগডহর বাজার, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৫৩৩৩৪, ০৯১-৫১৮০৭, E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং-ময়শিবো/পনি/উমা/০৯/০৪/১৯/১৭

তারিখ : ২৫/০১/২০২৪ খ্রি.

বিষয়ঃ উচ্চমাধ্যমিক পর্যায়ে (এইচএসসি) নতুন পাঠদানের অনুমতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান সমূহের কেন্দ্রে অন্তর্ভুক্তি সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ এর অধীনে যে সকল উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান উচ্চমাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি পেয়েছে এবং ২০২৪ সালের উচ্চমাধ্যমিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করেছে কিন্তু কোন পরীক্ষা কেন্দ্রে অন্তর্ভুক্ত হয়নি সে সকল উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানকে আগামী ০৮/০২/২০২৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট কেন্দ্রে অন্তর্ভুক্তির জন্য আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আবেদন পত্রের সাথে যে সকল তথ্যাদি সংযুক্ত করতে হবে তা নিম্নরূপ-

- ০১। উচ্চমাধ্যমিক পর্যায়ে নতুন পাঠদানের অনুমতিপত্রের ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি।
- ০২। নিকটস্থ যে কেন্দ্রে অন্তর্ভুক্ত হতে চায়, সেই কেন্দ্র প্রতিষ্ঠানের মোবাইল নম্বর সহ অনাপত্তি পত্র।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে-

প্রাপকঃ

অধ্যক্ষ

উচ্চমাধ্যমিক পর্যায়ে (এইচএসসি)

নতুন পাঠদানের অনুমতিপ্রাপ্ত

শিক্ষা প্রতিষ্ঠান।

(প্রফেসর মোঃ সামছুল ইসলাম)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।

ফোন : ০২-৯৯৭৭১০৪৪২

E-mail : conbisemym@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ০১। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ০২। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ০৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
- ০৪। অফিস কপি।